**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন এই সপ্তাহান্ত থেকে অ্যাডিরন্ড্যাক পর্যন্ত বিনামূল্যে ফল ফলিয়েজ শাটল শুরু হবে

***অক্টোবর শাটল নর্থ হাডসন থেকে জনপ্রিয় অ্যাডিরন্ড্যাক হাই পিক ট্রেইলহেড পর্যন্ত বিনামূল্যের, সুবিধাজনক যাতায়াতের ব্যবস্থা প্রদান করে জননিরাপত্তার প্রচার করে***

***আউটডোরের নিরাপত্তা, টেকসই ব্যবহার, এবং ন্যায্য অ্যাক্সেসের জন্য স্টেটের চলমান প্রতিশ্রুতির অংশ***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে অ্যাডিরন্ড্যাকে ফল ফলিয়েজ দেখতে যাওয়া মানুষদের জন্য একটি নতুন, বিনামূল্যের শাটল সেবা এই সপ্তাহান্তে নর্থ হাডসনে শুরু হবে। শাটলগুলি অক্টোবর মাসের প্রথম দুই সপ্তাহ ফ্রন্টিয়ার টাউন গেটওয়ে (Frontier Town Gateway) থেকে জায়ান্ট মাউন্টেইন, রোরিং ব্রুক ফলস, এবং রুস্টার কম্ব ট্রেইলহেড পর্যন্ত, এবং একইসাথে মার্সি ফিল্ড পার্কিং এরিয়া (Marcy Field Parking Area) পর্যন্ত যাবে।

"বিশ্বের সবথেকে সুন্দর ফল ফলিয়েজ ঠিক এখানেই, আমাদের স্টেটেই আছে, এবং নিরাপদ ও সুবিধাজনকভাবে এই দৃশ্য দেখতে পারা নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "অ্যাডিরন্ড্যাকের বাসিন্দা ও দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে, নিউ ইয়র্ক এবং আমাদের বহু স্থানীয় অংশীদার মিলে নতুন একটি অক্টোবর শাটল শুরু করতে যাচ্ছে যা হাই পিকসের জনাকীর্ণ করিডোর সংলগ্ন ভিড় প্রতিরোধে সাহায্য করবে এবং এই ফলিয়েজ মৌসুমে একটি মানসম্পন্ন আউটডোর অভিজ্ঞতা প্রদান করে যাবে।"

জুলাই মাসে প্রথম ঘোষিত, নতুন কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্ট (New York State Department of Environmental Conservation, DEC), এসেক্স কাউন্টি, টেকসই পর্যটনের আঞ্চলিক অফিস (Regional Office of Sustainable Tourism, ROOST), কিন এবং নর্থ হাডসন টাউন, এবং ফ্রন্টিয়ার টাউন গেটওয়ের বেসরকারি মালিকের মধ্যকার একটি অংশীদারিত্ব। শাটলটি হাইকারদের ব্যস্ত ট্রেইলহেডে গাড়ি চালিয়ে যাওয়া ও পার্কিং করার ঝামেলা ছাড়াই ট্রেইলের সেরা স্থানটি থেকে ফল ফলিয়েজের অভিজ্ঞতা লাভের সুযোগ প্রদান করে। এটি এই বছর জননিরাপত্তা রাখা করতে এবং টেকসই বিনোদনের প্রচার করতে সাহায্য করার জন্য অ্যাডিরন্ড্যাক ও ক্যাটস্কিলে গৃহীত অনেকগুলি উদ্যোগের একটি, পাশাপাশি আছে গভর্নর হোকলের বলিষ্ঠ রেকর্ড 400 মিলিয়ন মার্কিন ডলার এনভায়রনমেন্টাল

প্রোটেকশন তহবিল (Environmental Protection Fund, EPF) যেখানে অ্যাডিরন্ড্যাক ও ক্যাটস্কিলে বেড়াতে আসা মানুষের নিরাপত্তা ও বুনো এলাকার সুরক্ষার জন্য বিশেষ করে ৪ মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে।

**নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "গভর্নর হোকল এবং DEC উপলব্ধি করেছে যে আউটডোরে যারা উপভোগ করতে চায় তাদের নিরাপত্তা, টেকসই হওয়া, এবং ন্যায্য অ্যাক্সেস উন্নত করার জন্য একটি সার্বিক কৌশলকে সমর্থন করতে থাকা কতটা গুরুত্বপূর্ণ। একদম নতুন এই শাটলটি আমাদের সবথেকে সুন্দর কিছু দৃশ্যের স্থানে বেড়াতে যাওয়া উৎসাহিত করতে সাহায্য করবে এবং একই সাথে অবৈধ পার্কিং এবং অন্যান্য জননিরাপত্তা উদ্বেগ প্রতিরোধেও সাহায্য করবে। আমরা বেড়াতে আসা সকলকে 'যাওয়ার আগে জেনে নিতে' এবং এই ফল মৌসুমে দারুণ একটি দিনের প্রস্তুতি নিতে উৎসাহিত করছি।"

**স্টেটের সিনেটর ড্যান স্টেক বলেন,** "প্রতি বছর হাজার হাজার মানুষ অ্যাডিরন্ড্যাকে আসে হাইক করতে এবং ফল ফলিয়েজ দেখতে। ফল ফলিয়েজ শাটলটি (Fall Foliage Shuttle) আরো বেশি নিউ ইয়র্কবাসীকে আমাদের অঞ্চলটির প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে, এর অভিজ্ঞতা নিতে ও এর কদর করতে দিবে।"

**অ্যাসেম্বলি সদস্য ম্যাথু সিম্পসন বলেন,** "নর্থ কান্ট্রিতে বাস করার সবথেকে দারুণ দিকগুলির একটি হলো চারটি ঋতুর প্রতিটিতে অ্যাডিরন্ড্যাকের প্রাকৃতিক সৌন্দর্য দেখতে পারার উপহার। আমরা একটি দুর্দান্ত গ্রীষ্মকে পেছনে ফেলে এসেছি এবং হেমন্তের ফলিয়েজের মোহ সৃষ্টিকারী দৃশ্যের প্রদর্শনী আসা শুরু হয়েছে। বাসিন্দা ও বেড়াতে আসা মানুষ সকলেই হাই পিকস অঞ্চল এবং তার বাইরেও সকল চূড়া ও উপত্যকার প্রাণবন্ত রঙ্গিন প্রভার দারুণ প্রাকৃতিক সৌন্দর্যকে বরণ করে নিতে আসবে। এই প্রাকৃতিক সম্পদটিতে সকলের উপভোগের জন্য এখানে যাতায়াত নিশ্চিত করা স্টেট ও স্থানীয় পর্যায়ের একটি শীর্ষ অগ্রাধিকার। আমি এই শাটল সেবার সূচনার দ্বারা এই মিশনকে অগ্রসর করতে সকল জড়িত স্টেকহোল্ডারদের সাথে এই সহযোগিতার একটি অংশ হতে পেরে অত্যন্ত গর্বিত, যাদের মধ্যে আছে ফ্রন্টিয়ার টাউনের মো আহমেদ, NYS DEC, স্থানীয় টাউনের কর্মকর্তাগণ, ROOST। এছাড়াও আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই আমাদের দুর্দান্ত বিশ্বমানের প্রাকৃতিক পরিবেশগত সম্পদ, অ্যাডিরন্ড্যাক পার্ককে নিরাপদে ও টেকসইভাবে প্রদর্শন করার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদানে অতি গুরুত্বপূর্ণ তহবিল নিশ্চিত করতে সাহায্য করার জন্য।"

**অ্যাডিরন্ড্যাক পার্ক এজেন্সির প্রধান জন আর্নস্ট বলেন,** "অ্যাডিরন্ড্যাক পার্ক যখন এর দুর্দান্ত ফল ফলিয়েজ দেখাচ্ছে তখন জনগণ একটি অতিরিক্ত শাটল সুযোগ পাবে বিনামূল্যে, যা তাদের সুন্দর এসেক্স কাউন্টির একাধিক ট্রেইলহেডে সুবিধাজনকভাবে ও নিরাপদে যাতায়াতের সুযোগ প্রদান করবে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, সরকারি ও বেসরকারি অংশীদারদের একটি শক্তিশালী কোয়ালিশন সফলভাবে এমন ব্যবস্থাপনা কৌশল প্রয়োগ করে যাচ্ছে যা ঈপ্সিত হাই পিকস অঞ্চলজুড়ে টেকসই উপায়ে বিনোদনমূলক অ্যাক্সেসকে বৈচিত্র্যময় করে যাচ্ছে।"

ফল ফলিয়েজ শাটলটি মার্সি ফিল্ড থেকে রুট 73 হাইকার শাটলের (Route 73 Hiker Shuttle) একই ড্রপ অফ অবস্থানগুলিতেই থামে, কিন্তু রুটটি বেড়াতে আসা মানুষদের অতিরিক্ত অ্যাক্সেস প্রদান করে রুট 73 করিডোরে অনিরাপদ ও অবৈধ পার্কিং আরো হ্রাস করার জন্য। অক্টোবর শাটলটি শনিবার ও রবিবার, 1 এবং 2 অক্টোবর, এবং শনিবার, রবিবার, ও সোমবার, অক্টোবর, 8, 9, এবং 10 অক্টোবর, সকাল 7টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত চলবে। কুকুর উঠানোর অনুমতি নেই। প্রতিটি শাটলে 20 জন যাত্রীর জায়গা হবে এবং আসন আগে আসলে আগে পাবেন ভিত্তিতে উপলভ্য থাকবে।

ফল ফলিয়েজ শাটল কর্মসূচিটি রুট 73 হাইকার শাটল কর্মসমূহের একটি সম্প্রসারণ যা 2021 সালে প্রথম পাইলট করা হয়, যা তাদের পছন্দের ট্রেইলহেডে পার্কিং খুঁজে না পাওয়া হাইকারদের জন্য বা যারা তাদের গন্তব্যে যাওয়া পার্কিং ও যাত্রা দ্বারা সহজ করতে চায় তাদের জন্য একটি বিনামূল্যের বিকল্প প্রদান করে। রুট 73 হাইকার শাটল শনিবার, রবিবার এবং ছুটির সোমবার চলবে, কলম্বাস দিবসের সপ্তাহান্তে পর্যন্ত, সকাল 7টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত। কোনও রিজার্ভেশনের প্রয়োজন হবে না। মার্সি ফিল্ডে স্টুয়ার্ডরা থাকবে হাইকারদের শাটল সিস্টেম ব্যবহার করতে সাহায্য করার জন্য এবং তাদের দায়িত্বশীল বিনোদনের ব্যাপারে শিক্ষাদান করার জন্য, যার মধ্যে থাকবে প্রস্তুতি, হাইকিংয়ের নিরাপত্তা এবং কোনও চিহ্ন রাখবেন না নীতি।শাটল কর্মসূচির ব্যাপারে আরো জানুন এবং রুট মানচিত্র ও শাটলের সময়সূচি জানুন DEC-র ওয়েবসাইটে।

রুট 73 হাইকার শাটল সিস্টেম কিন টাউন প্রদত্ত দীর্ঘদিনের একটি সেবার সম্পূরক, যা হলো মার্সি ফিল্ড পার্কিং এরিয়া থেকে টাউনের মালিকানাধীন গার্ডেন ট্রেইলহেড পর্যন্ত পরিবহনের ব্যবস্থা করা। টাউনের শাটলটি রুট 73 শাটল সিস্টেমের সাথে চলে শনিবার ও রবিবার, সকাল 7টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত, যখন গার্ডেন পার্কিং লট ভরা থাকে। ভালো আচরণের বাঁধা কুকুরদের টাউন শাটলে উঠতে দেওয়া হবে।

শাটল সিস্টেমটি অ্যাডিরন্ড্যাক পার্কে টেকসই বিনোদনের প্রচারে হাই পিকস উপদেষ্টা গ্রুপের (High Peaks Advisory Group, HPAG) চূড়ান্ত রিপোর্টের সুপারিশগুলির মধ্যে ছিলো। এটি স্থানীয় সরকার, বিনোদন, প্রাকৃতিক সংস্থান সুরক্ষা, ব্যবসা ও পর্যটনের অভিজ্ঞ স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত। 2019 সালে, HPAG-কে দায়িত্ব দেওয়া হয় কীভাবে হাই পিকসের বর্ধিত জনগণের ব্যবহারের সাথে সংশ্লিষ্ট অতি গুরুত্বপূর্ণ সমস্যার সমাধান করা যায়, যাতে এলাকাগুলিকে স্বল্প ও দীর্ঘমেয়াদে, এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্যও রক্ষা করা যায় সে ব্যাপারে DEC-কে সুপারিশ প্রদান করার জন্য।প্রতিবেদনটি পড়ার জন্য DEC ওয়েবসাইটটি ভিজিট করুন।

নিরাপদ ও টেকসই বিনোদন নিশ্চিত করতে, কীভাবে নিউ ইয়র্কের ভূমির প্রতি শ্রদ্ধাশীল হওয়া যায়, কম যাওয়া হয় এমন ট্রেইলে যেতে, কোনও চিহ্ন রাখবেন না (Leave No TraceTM) অনুশীলন করতে, এবং স্বেচ্ছাসেবকের কাজ ও স্টুয়ার্ডশিপের মাধ্যমে প্রতিদান দিতে হয় তা জানতে নিউ ইয়র্কবাসীরা লাভ আওয়ার নিউ ইয়র্ক ল্যান্ডস (Love Our New York Lands) ভিজিট করতে পারবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418